# Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 25 June, 2025

সারা লাইফস্টাইলের ওয়েস্টার্ন সাব-ব্র্যান্ড ‘ঢেউ’ তাদের দ্বিতীয় প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজন করেছিল এক বিশেষ র‍্যাফেল ড্র।এই আয়োজনে প্রথম পুরস্কার হিসেবে ছিল একটি আইফোন ১৬ প্রো ম্যাক্স।

মঙ্গলবার (২৪ জুন) বিকেল ৪টায় ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত ‘সারা’ আউটলেটে আয়োজিত ফেসবুক লাইভ অনুষ্ঠানের মাধ্যমে বিজয়ীদের নাম ঘোষণা করা হয়।

র‍্যাফেল ড্রয়ে প্রথম পুরস্কার আইফোন ১৬ প্রো ম্যাক্স জিতেছেন মাসুম রানা।দ্বিতীয় পুরস্কার প্লে স্টেশন ৫ পেয়েছেন ফারজানা আক্তার মাহি এবং তৃতীয় পুরস্কার অ্যাপল ওয়াচ সিরিজ ১০ জিতেছেন রুবাইয়াত রুবা।

লাইভে জানানো হয়, ‘ঢেউ’র দ্বিতীয় বর্ষপূর্তি উপলক্ষে চলতি বছরের ৯ মার্চ থেকে ঈদুল আজহা পর্যন্ত যেকোনো পণ্য কিনলেই একটি করে কুপন দেওয়া হয়।টার্মস অ্যান্ড কন্ডিশন ছাড়াই এই কুপনে নাম ও মোবাইল নম্বর লিখে জমা দেন গ্রাহকেরা।

সারা লাইফস্টাইল জানিয়েছে, গ্রাহকদের ভালোবাসা ও আস্থার প্রতিদানে এ ধরনের আয়োজন ভবিষ্যতেও নিয়মিতভাবে চালিয়ে নেওয়া হবে।

সারা লাইফস্টাইল ঢেউ র‍্যাফেল ড্র পুরস্কার আইফোন ১৬ প্রো ম্যাক্স

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 23:18

URL: https://timestodaybd.com/economy/7758073671